গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.bandarban.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক : ৪৬.৪২.০৩০০.৫০২.০২.০০৫.২৩.৭৭

তারিখ : ০১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

## "দরপত্র বিজ্ঞপ্তি"

২০২২-২০২৩ অর্থবছরে বান্দরবান পার্বত্য জেলার ৭টি উপজেলায় কর্মরত ২৮২ (দুইশত বিরাশি) জন গ্রাম পুলিশের (দফাদার ও মহল্লাদার) জন্য নিম্নবর্ণিত পোশাক/সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত পোশাক/সরঞ্জামাদি প্রস্তুতকারী/সরবরাহকারীর নিকট হতে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (সর্বশেষ সংশোধনকৃত) এর নিয়মানুসারে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | বিবরণ | | বিস্তারিত বিবরণ |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। |
| ২. | দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান | : | জেলাপ্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা |
| ৩. | ক্রয়/সংগ্রহকারীর নাম | : | জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা |
| ৪. | কাজের বিবরণ | : | "২০২২-২৩ অর্থ বছরে গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ" |
| ৫. | সংগ্রহ পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ৬. | দরপত্র বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | ১। বিভাগীয় কমিশনার এর কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।<br>২। জেলাপ্রশাসকের কার্যালয় ( স্থানীয় সরকার শাখা), বান্দরবান পার্বত্য জেলা। |
| ৭. | প্রাক-দরপত্র সভার তারিখ, সময় ও স্থান | : | ২৯/০৩/২০২৩ খ্রি: দুপুর- ১২.০০ টা<br>জেলাপ্রশাসকের কার্যালয় ( স্থানীয় সরকার শাখা), বান্দরবান পার্বত্য জেলা। |
| ৮. | দরপত্রদাতার যোগ্যতা | : | দরপত্রদাতাকে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদারী প্রতিষ্ঠান হতে হবে এবং বিগত ৩ (তিন) বছরের মধ্যে গ্রাম পুলিশ/আনসার/পুলিশ/সরকারের অন্যান্য বাহিনীতে এক বা একাধিক চুক্তিতে কমপক্ষে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার পোশাক ও বিজ্ঞপ্তিতে চাহিত অন্যান্য সরঞ্জামাদি (মানভেদে) সরবরাহের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের অফিস মনোগ্রাম ও স্মারকসম্বলিত কার্যাদেশ এবং অভিজ্ঞতার প্রত্যয়নপত্র সিডিউলের সাথে জমা দিতে হবে। কর্তৃপক্ষ প্রত্যয়নপত্র ও কার্যাদেশের কপি যাচাই করতে চাইলে অবশ্যই মূলকপি প্রদর্শন করতে হবে। |
| ৯. | কাজের মেয়াদ | : | কার্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে। |
| ১০. | দরপত্র সিডিউলের মূল্য | : | প্রতিটি ১,০০০/- (এক হাজার) টাকা অফেরৎযোগ্য ১-৩৭০১-০০০১- ২৩৬৬ নং কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে টাকা জমা করে মূল কপি জমাদানপূর্বক সিডিউল ক্রয় করতে হবে। পূরণকৃত সিডিউলের সাথে সিডিউল ক্রয়ের চালানের কপি সংযুক্ত করে দরপত্র বাক্সে জমা দিতে হবে। |
| ১১. | জামানত | : | যে কোন তফসিলি ব্যাংক হতে জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা এর অনুকূলে টা. ৮০,০০০/- (আশি হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে জমা দিতে হবে। |
| ১২. | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | : | ১০.০৪.২০২৩ খ্রি: অফিস চলাকালীন পর্যন্ত। |
| ১৩. | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | : | ১১.০৪.২০২৩ খ্রি:, দুপুর ১২.০০ টা পর্যন্ত। |
| ১৪. | দরপত্র দাখিলের স্থান | : | ১। বিভাগীয় কমিশনার এর কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।<br>২। জেলাপ্রশাসকের কার্যালয় ( স্থানীয় সরকার শাখা), বান্দরবান পার্বত্য জেলা।<br>৩। পুলিশ সুপারের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।<br>৪। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), বান্দরবান পার্বত্য জেলা। |

চলমান পাতা-২

| ক্রমিক | বিবরণ | | বিস্তারিত বিবরণ |
|---|---|---|---|
| ১৫. | দরপত্র খোলার তারিখ; সময় ও স্থান | : | ১১.০৪.২০২৩ খ্রি: বিকাল- ৩.০০ টা<br>জেলা প্রশাসক এর কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা। |
| ১৬. | দরপত্রের সাথে দাখিলতব্য ব্যাংক স্থিতির প্রমাণক, ছবি ও অন্যান্য কাগজপত্র দাখিল এবং নমুনা সরবরাহ ইত্যাদি | : | ১। তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে দরপত্র দাখিলের দিন পর্যন্ত যে কোন ১দিনের ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার ব্যাংক স্থিতির প্রত্যয়ন পত্র, হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স ও আয়কর সনদ, ভ্যাট নিবন্ধন পত্রের কপি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি, দরদাতার সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং দরপত্র ক্রয়কালীন সময়ে মূল সনদপত্রসমূহ প্রদর্শন করতে হবে।<br>২। দরপত্রের সাথে সিডিউল মোতাবেক প্রতিটি আইটেমের ১টি করে নমুনা দাখিল করতে হবে। |

## তফসিল খ

## পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির নাম

| ক্রমিক | বিবরণ | পোশাক/মালামালের বিবরণ | | গ্রাম পুলিশের (দফাদার ও মহল্লাদার) সংখ্যা | সংখ্যা/পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | শার্ট | নীল রং এর শার্ট-২টি (১টি ফুল ও ১টি হাফ) | বিস্তারিত টেন্ডার সিডিউলে উল্লেখ থাকবে। | ২৮১জন | ২৮১×২= ৫৬২টি |
| ২ | প্যান্ট | খাকী রং এর ফুল প্যান্ট-২টি | | ২৮১জন | ২৮১×২=৫৬২টি |
| ৩ | মহিলা গ্রামপুলিশদের পোশাক | শাড়ি (মহিলা পুলিশের ন্যায়) | | ০১ জন | ২টি |
| | | ব্লাউজ (মহিলা পুলিশের ন্যায়) | | ০১ জন | ২টি |
| | | পেটিকোট (মহিলা পুলিশের ন্যায়) | | ০১ জন | ২টি |
| ৪ | ক. সোল্ডার ব্যাচ (দফাদার) | দফাদার/কমান্ডারদের সোল্ডার ব্যাচ পার্পল কালার, Four Pointed Cross খাকি কালার, Four Pointed Cross এর মধ্যে দোয়েল, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে। | | ২৬ জন | ২৬×২= ৫২টি |
| | খ. সোল্ডার ব্যাচ (মহল্লাদার) | মহল্লাদারগণের সোল্ডার ব্যাচ পার্পল কালার, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে। | | ২৫৬ জন | ২৫৬×২= ৫১২টি |
| ৫ | বেল্ট | উন্নতমানের বেল্ট- ১টি | | ২৮২জন | ২৮২টি |
| ৬ | উন্নতমানের চামড়ার জুতা (মোজাসহ) | ১। উন্নতমানের চামড়ার জুতা-১জোড়া (পুরুষ গ্রামপুলিশদের জন্য)<br>২। শাড়ির সাথে মানানসই (মহিলা পুলিশের অনুরূপ)-১ জোড়া (মহিলা গ্রামপুলিশের জন্য)<br>৩। মোজা-১জোড়া | | ২৮২জন | জুতা ২৮২জোড়া<br>মোজা ২৮২জোড়া |
| ৭ | উন্নতমানের কাপড়ের জুতা | উন্নতমানের কাপড়ের জুতা-১ জোড়া | | ২৮২ জন | ২৮২ জোড়া |
| ৮ | চার্জার টর্চ লাইট | চার্জার টর্চ লাইট ৪.৫০ ভোল্ট | | ২৮২জন | ২৮২টি |
| ৯ | লাইনার বাঁশি | লাইনার বাঁশি | | ২৮২জন | ২৮২টি |

## দরপত্রের শর্তাবলী :

১। দরপত্রে উদ্বৃত্ত দর অংকে ও কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষামাজা বা ওভার রাইটিং করা যাবে না। দরপত্র অবশ্যই সীল মোহরযুক্ত খামে দাখিল করতে হবে।

২। প্রতিষ্ঠানের মালিকানা সংক্রান্ত হলফনামা দাখিল করতে হবে।

চলমান পাতা-৩

৩। টেন্ডার ডকুমেন্ট(সিডিউল) জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলার স্থানীয় সরকার শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য টেন্ডার ডকুমেন্ট (সিডিউল) এ বর্ণিত থাকবে। টেন্ডার ডকুমেন্টে উল্লিখিত সকল শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। দরপত্রের শর্তাবলী ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন এবং জেলা তথ্য বাতায়ন (ওয়েবসাইট www.bandarban.gov.bd) এর মাধ্যমে জানা যাবে।

৫। কেবল দেশি দরদাতা প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে; কোন সাব-কন্ট্রাক্ট গ্রহণযোগ্য নয়। এছাড়া, CPTU (Central Procurement Technical Unit) বা যে কোন সরকারি প্রতিষ্ঠান/দপ্তর কর্তৃক কালো তালিকাভূক্ত প্রতিষ্ঠান দরপত্র দাখিলের জন্য যোগ্য বলে বিবেচিত হবে ন।

৬। কাগজপত্র যাচাইকালে কাগজপত্রের সত্যতা পাওয়া না গেলে বা একজনের সার্টিফিকেট অন্যজন কর্তৃক ব্যবহার করলে বা একজনের নামে অন্যজনের জামানতের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট্ দাখিল করা হলে জামানত বাজয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। দরপত্রের সাথে সিডিউল মোতাবেক প্রতিটি আইটেমের ১টি করে নমুনা দাখিল করতে হবে। কোন দরদাতা দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করতে চাইলে দরপত্র বাক্স খোলার পূর্বেই প্রত্যাহারের আবেদন দরপত্র বাক্সে দাখিল করতে হবে।

৮। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে; সিডিউলে বর্ণিত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি যথাযথভাবে না হলে, গুণগতমান ঠিক না থাকলে ও মাপ বর্হিভূত হলে তা গ্রহণ করা হবে না। সেক্ষেত্রে সংশ্লিষ্ট সরবরাহকারীর কার্যাদেশ বাতিলপূর্বক জামানত বাজেয়াপ্ত করা হবে ।

৯। কার্যাদেশ প্রাপ্তির পর প্রত্যেক উপজেলায় গিয়ে প্রত্যেক গ্রামপুলিশের শরীরের শারীরিক মাপ সংগ্রহ করতে হবে। মাপ অনুযায়ী পৃথক পৃথক প্যাকেটে পোশাকসহ মালামাল ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। গ্রাম পুলিশের ব্যক্তিগত মাপ ও অনুমোদিত নমুনার সাথে সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদির মিল না থাকলে তা কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না । সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদিতে কোন ত্রুটি পরিলক্ষিত হলে ঠিকাদারের নিজ দায়িত্বে ও নিজ খরচে তা পরিবর্তন করে দিতে হবে।

১০। কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক সকল পোশাক ও সরঞ্জামাদি প্রথমে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল করতে হবে। তারপর সরবরাহকৃত পোশাক/সরঞ্জামাদির গুণগতমান মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাইঅন্তে সন্তোষজনক বিবেচিত হলে এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হলে সরবরাহকারীকে নিজ খরচে এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পৌঁছে দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র এ কার্যালয়ে জমা দানের পর বিলের অর্থ পরিশোধ করা হবে । অগ্রিম কোন বিল প্রদান করা হবে না।

১১। দাখিলকৃত বিলের উপর বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। কার্যাদেশপ্রাপ্ত দরদাতাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে। কার্যাদেশপ্রাপ্ত সরবরাহকারীকে চুক্তিমূল্যের ১০% Perfprmance Security জমা দিতে হবে।

১২। দরপত্রের সাথে দাখিলকৃত জামানত ৩(তিন) মাস পর্যন্ত সংরক্ষণ করা হবে। পোশাক এবং সরঞ্জামাদি সরবরাহের পর সরবরাকৃত মালামালের ত্রুটির বিষয়ে কোন আপত্তি না পাওয়া গেলে তবেই জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

১৩। দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (সর্বশেষ সংশোধনকৃত) মোতাবেক পরিচালিত হবে।

১৪। দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান সরকারী স্বার্থে দরপত্রের যে কোন শর্তাবলী সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন এর প্রস্তাব করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল এবং সরবরাহতব্য পোশাক ও মালামালের পরিমাণ হ্রাস-বৃদ্ধি করে কার্যাদেশ প্রদান ও সরকারি স্বার্থে যে কোন শর্ত আরোপ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫/০৬/২০২৩

ইয়াছমিন পারভীন তিবরীজি
জেলা প্রশাসক
ফোন: ০২৩৩৩৩০২১০১
ই-মেইল : dcbandarban@mopa.gov.bd

চলমান পাতা-৪

স্মারক : ৪৬.৪২.০৩০০.৫০২.০২.০০৫.২৩.৭৭ তারিখ : ০১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

**সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।

৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৪। জেলাপ্রশাসক (সকল), ..............................জেলা।

৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)......................উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

৬। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।-(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। ..............................................................................ও সদস্য, গ্রামপুলিশদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সম্পর্কিত জেলা পর্যায়ের টেন্ডার কমিটি।

৮। সম্পাদক, ..............................., বান্দরবান। উপরে বর্ণিত বিজ্ঞাপনটি ভিতরের পাতায় স্বল্প পরিসরে (৭"x৩") পত্রিকায় ব্যবহৃত সাধারণ অক্ষরে .................তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য প্রকাশপূর্বক বিলসহ প্রকাশিত পত্রিকার ০৩(তিন) কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৫।০৩।২০২৩

জেলা প্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা।